

নং-০৭.০০.০০০০.০০০.১৫৬.১৫.০০২৪.২৫-১৪৫

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩
২৮ এপ্রিল ২০২৬


পরিপত্র

বিষয়: পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় নতুন প্রকল্পসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণের পূর্বে রুলস অব বিজনেস, ১৯৯৬ (সংশোধিত ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত) এর রুল-১৩ এর বিধান অনুসরণ নিশ্চিতকরণ।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রুলস অব বিজনেস, ১৯৯৬ (সংশোধিত ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত) এর রুল-১৩ তে বর্ণিত আছে যে, “অর্থ বিভাগের সহিত পূর্ব পরামর্শ ব্যতীত কোন মন্ত্রণালয়ই অনুমোদিত বাজেট বহির্ভূত এমন কোন আদেশ জারি করিবে না যাহা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রজাতন্ত্রের আর্থিক বিষয়কে প্রভাবিত করে”। এছাড়াও সচিবালয় নির্দেশমালা, ২০২৪ এর নির্দেশ ১৫১-এ বর্ণিত রয়েছে যে, “অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সহিত কোনো বিষয়ে পরামর্শ করিবার ক্ষেত্রে ‘রুলস অব বিজনেস’-এর বিধান সতর্কতার সাথে পালন করিতে হইবে”। অর্থাৎ উক্ত নির্দেশনা যথাপযুক্তভাবে অনুসরণ করার আবশ্যিকতা রয়েছে। প্রায়শই পরিলক্ষিত হয় যে, অর্থ বিভাগের সাথে আনুষ্ঠানিক পরামর্শ ব্যতিরেকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সরকারের স্থায়ী আর্থিক সংশ্লেষ সৃষ্টি করে এরূপ পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় বিভিন্ন পদক্ষেপ (যেমন: ভিন্ন ভিন্ন অবকাঠামো নির্মাণ, হাসপাতাল স্থাপন/শয্যা সংখ্যা উন্নীতকরণ) গ্রহণ করা হচ্ছে। এ ধরনের পদক্ষেপ গ্রহণের ফলে রুলস অব বিজনেস, ১৯৯৬ (সংশোধিত ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত) এর রুল-১৩ এর ব্যত্যয় হয়। এর ফলে সরকারের পরিচালন ব্যয় অপ্রত্যাশিতভাবে বৃদ্ধি পায় এবং অনাকাঙ্ক্ষিত বাজেট ঘাটতি দেখা দেয়।

০২। বর্ণিত প্রেক্ষাপটে সংশ্লিষ্ট সকলকে পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় নতুন প্রকল্পসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণের পূর্বে রুলস অব বিজনেস, ১৯৯৬ (সংশোধিত ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত) এর রুল-১৩ এর বিধান অনুসরণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।

০৩। এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।


২৮.০৪.২৬
(কাউসার নাসরীন)
যুগ্মসচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব..... মন্ত্রণালয়/বিভাগ
৫. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৬. সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (সকল প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা-কে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
৮. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
৯. জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ
১০. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, ঢাকা
১১. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, ঢাকা
১২. মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)